



স্মারক নং-২৮.০০.০০০০.০২৮.৩৫.০৩১.১৪(অংশ-১)-৯৯


তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৬
১৮ ফেব্রুয়ারী ২০২০

বিষয়: গেজেটভুক্ত সিলিকাবালু কোয়ারিসমূহ ইজারা কার্যক্রম গ্রহণ সংক্রান্ত বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।

সূত্র: জেলা প্রশাসক, হবিগঞ্জের পত্র নং-০৫.৪৬.৩৬০০.০১৮.০২.০০৬.১৯-৪৩(৬), তারিখ: ১৪-০১-২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাথর কোয়ারিতে বিদ্যমান সমস্যা, চ্যালেঞ্জ ও করণীয় বিষয়ে গত ২৪-১১-২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পাথর উত্তোলনের সমস্যা নিরসনে সুপারিশ প্রণয়নের জন্য সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগকে আহবায়ক করে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশ না পাওয়া পর্যন্ত সারা দেশের গেজেটভুক্ত পাথর কোয়ারি, সিলিকাবালু কোয়ারি, নুরীপাথর উত্তোলন, সাদা মাটি উত্তোলনসহ অন্যান্য সকল কোয়ারির ইজারা আপাতত: বন্ধ থাকবে। তবে ইতোমধ্যে যে সমস্ত কোয়ারি, সিলিকা বালুমহালের ইজারা প্রদান করা হয়েছিল সে সমস্ত ইজারার মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত ইজারার শর্ত ও চুক্তি অনুযায়ী কার্যকাল বলবৎ থাকবে। আরো উল্লেখ্য যে, ইজারা বন্ধ থাকাকালীন কোনরূপ খাস কালেকশনের মাধ্যমে পাথর/ সিলিকাবালু উত্তোলন করা যাবে না। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত গেজেটভুক্ত পাথর কোয়ারি/সিলিকাবালু কোয়ারির সংরক্ষণ, নিয়ন্ত্রণ এবং সরকারি স্বার্থ সংরক্ষণ করতে হবে।

২। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


১৮.০২.২০২০
(মোঃ রফিকুল ইসলাম)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০৩৬০
e-mail: emrdop2@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/ময়মনসিংহ/জামালপুর/শেরপুর/নীলফামারী/পঞ্চগড়/নেত্রকোনা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূতত্ত্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অপারেশন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা
- ৫। যুগ্মসচিব (অপারেশন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা
- ৬। উপসচিব (অপারেশন-২ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা